



বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড
 ৮/সি শেরেবাংলা নগর, আগারগাঁও
 ঢাকা-১২০৭।
www.bteb.gov.bd



স্মারক নং: ৫৭.১৭.০০০০.২০৩.৩৫.০০২.১২-২৯৮

তারিখ: ১৮-০৭-২০২১ খ্রি.

বিষয়: বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের অধীনে পরিচালিত ২০২১ শিক্ষাবর্ষে এসএসসি (ভোকেশনাল) ও দাখিল (ভোকেশনাল)

শিক্ষাক্রমের নবম ও দশম শ্রেণির জন্য অ্যাসাইনমেন্ট সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, চলমান কোডিড-১৯ মহামারির কারণে দেশের সকল পর্যায়ে শিক্ষা প্রতিষ্ঠান বফ্থ থাকায় শিক্ষার্থীদের শিক্ষা কার্যক্রম ব্যাহত হয়েছে। সংগতকারণে শিক্ষাবর্ষের পাঠ্যসূচি পূর্ণাঙ্গরূপে সম্পূর্ণ করা সম্ভব হয়নি। সে প্রেক্ষিতে জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড (এনসিটিবি) এর সহযোগিতায় ২০২১ শিক্ষাবর্ষের বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের এসএসসি (ভোকেশনাল) ও দাখিল (ভোকেশনাল) কোর্সের নবম ও দশম শ্রেণির সাধারণ বিষয়ের মধ্যে পদার্থ বিজ্ঞান ও ট্রেড ভিত্তিক প্রণীত পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির আলোকে ১২ সপ্তাহের অ্যাসাইনমেন্ট প্রস্তুত করা হয়েছে। প্রস্তুতকৃত অ্যাসাইনমেন্টসমূহ থেকে ১ম সপ্তাহের অ্যাসাইনমেন্ট সংশ্লিষ্ট সকলের সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে বোর্ডের ওয়েবসাইট www.bteb.gov.bd দ্বারা বিজ্ঞপ্তি এসে এসেসসি পর্যায়ে প্রকাশ করা হলো। উল্লেখ্য, প্রতি সপ্তাহে (রবিবার ও বৃহস্পতিবার) ০২ (দুই) টি অ্যাসাইনমেন্ট আপলোড করা হবে।

প্রতিষ্ঠান প্রধানগণকে অ্যাসাইনমেন্ট সংক্রান্ত নিম্নোক্ত বিষয়গুলো অনুসরণ করার জন্য অনুরোধ করা হলো:

- অ্যাসাইনমেন্ট প্রদান/গ্রহণের ক্ষেত্রে প্রতিষ্ঠান প্রধান সময়সূচি নির্ধারণ এবং আলাদাভাবে প্রদান/গ্রহণের ব্যবস্থা করবেন। এক্ষেত্রে অনলাইনের সাহায্যে/সামাজিক দূরত্ব বজায় রেখে প্রতিষ্ঠান প্রধান/অভিভাবক নিজস্ব ব্যবস্থাপনায় অ্যাসাইনমেন্ট প্রেরণ ও গ্রহণ করবেন।
- মূল্যায়ন সংক্রান্ত সংশ্লিষ্ট সকল ডকুমেন্টস (অ্যাসাইনমেন্ট জমা দানের রেজিস্ট্রারসহ) প্রতিষ্ঠানে অবশ্যই সংরক্ষণ করতে হবে।
- কোনো শিক্ষার্থী অ্যাসাইনমেন্ট জমাদানে অপারাগ হলে সংশ্লিষ্ট শিক্ষক তা রেকর্ড রাখবেন এবং এতদ্বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।
- অ্যাসাইনমেন্টে উল্লিখিত মূল্যায়ন ক্রিয়া অনুযায়ী শিক্ষকগণ শিক্ষার্থীদের নিকট হতে প্রাপ্ত অ্যাসাইনমেন্টসমূহ মূল্যায়ন করবেন।

বিষয়টি অতিব জরুরী।

সংযুক্তি: ১ম সপ্তাহের অ্যাসাইনমেন্ট ($1+29+1+29 = 60$ টি)।

স্বাক্ষরিত
 (প্রকৌশলী ফরিদ উদ্দিন আহমেদ)
 পরিচালক (কারিকুলাম)
 বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
 ফোন নম্বর: ০২-৫৫০০৬৫২৩

প্রাপক:

১. অধ্যক্ষ/সুপারিনেন্টেনডেন্ট
 সকল সরকারি টিএসসি/টিটিসি/টিভিআই।
২. অধ্যক্ষ/সুপারিনেন্টেনডেন্ট/প্রধান শিক্ষক
 এসএসসি (ভোকেশনাল) ও দাখিল (ভোকেশনাল) কোর্স চালুকৃত বেসরকারি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানসমূহ।

স্মারক নং: ৫৭.১৭.০০০০.২০৩.৩৫.০০২.১২-২৯৮(১৬)

তারিখ: ১৮-০৭-২০২১ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যোষ্ঠার ভিত্তিতে নয়):

০১. সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর (মাউশি), শিক্ষা ভবন, ঢাকা।
০৩. মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
০৪. মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, গার্লস গাইড ভবন, নিউ বেইলি রোড, ঢাকা।
০৫. মহাপরিচালক, জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যৱো, ৮৯/২ কাকরাইল, ঢাকা-১০০০।
০৬. মহাপরিচালক, বন্ধ অধিদপ্তর, বিটিএমসি ভবন (১০ম তলা), কারওয়ান বাজার, ঢাকা।
০৭. চেয়ারম্যান, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড (এনসিটিবি), ঢাকা।
০৮. প্রকল্প পরিচালক, “১০০টি উপজেলায় একটি করে টিএসসি স্থাপন (১ম সংশোধিত)” শীর্ষক প্রকল্প, ঢাকা-১২০৭।
০৯. মুগাসচিব (কারিগরি-০৩), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
১০. সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।

- ১১-১৩. পরিচালক (আইটিসি)/পরীক্ষা নিয়ন্ত্রক/পরিদর্শক, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১৪. সিটেম এনালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা। (সংযুক্তিসহ পত্রাটি ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)
১৫. চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১৬. সংরক্ষণ নথি।

১৮.০৭.২০২৪
১৮.০৭.২০২৪

(মুহুর আবদুর রাজাক মিশ্র)

কারিকুলাম বিশেষজ্ঞ (এসএসসি ভোকেশনাল)

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।

ফোন নম্বর: ০২-৫৫০০৬৫৩৮